**ঝাড়গ্রাম রাজ কলেজ**

(বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় অনুমোদিত)

স্নাতকোত্তর বাংলা দ্বিতীয় ষণ্মাস মূল্যায়ন ২০২৩

পত্র: **BNG – 201**

সাধারণ ভাষা-বিজ্ঞান

**সময়: ২ ঘণ্টা**

**পূর্ণমান: ৪০**

## বিভাগ – ক

**৫ × ৪ = ২০**

**যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:**

১। অ্যালোফোন কাকে বলে? ফোনিম ও অ্যালোফোনগুলি নিজেদের মধ্যে কেমন সম্পর্কে বিন্যস্ত থাকে তা দৃষ্টান্তসহ আলোচনা করো। ২ + ৩

২। নিম্নোক্ত যে-কোনো দু'টি বিষয়ে টীকা লেখো: ২½ + ২½

অর্ধস্বর, তালুদন্ত্যমূলীয় ধ্বনি, ঘৃষ্টধ্বনি

৩। নিম্নোক্ত রচনাটি (বক্রাক্ষর সংযোজিত) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় রূপান্তরিত করো। ৫

*বৃহৎ মানববিশ্বের সঙ্গে আমাদের প্রত্যক্ষ পরিচয় আরম্ভ হয়েছে সেদিনকার ইংরেজ জাতির ইতিহাসে। আমাদের অভিজ্ঞতার মধ্যে উদঘাটিত হল একটি মহৎ সাহিত্যের উচ্চশিখর থেকে ভারতের এই আগন্তুকের চরিত্রপরিচয়। তখন আমাদের বিদ্যালাভের পথ্য-পরিবেশনে প্রাচুর্য্য ও বৈচিত্র্য ছিল না। এখনকার যে বিদ্যা জ্ঞানের নানা কেন্দ্র থেকে বিশ্বপ্রকৃতির পরিচয় ও তার শক্তির রহস্য নতুন নতুন করে দেখাচ্ছে তার অধিকাংশ ছিল তখন নেপথ্যে, অগোচরে।*

৪। টীকা লেখো: যৌগিক বাক্য ৫

৫। সমাজভাষাবিজ্ঞান চর্চায় ফিশম্যান প্রধান যে তিনটি ক্ষেত্রের কথা বলেছেন তা সংক্ষেপে আলোচনা করো। ৫

৬। রেজিস্টার কাকে বলে? ডাইগ্লসিয়া বলতে কী বোঝায় দৃষ্টান্তসহ আলোচনা করো। ৩ + ২

## বিভাগ – খ

**১০ × ২ = ২০**

**যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:**

৭। বৈচিত্র্য অনুসারে বাংলা স্বরধ্বনিগুলির বর্গীকরণ করো। ১০

৮। বিভক্তি যুক্ত হয়ে বাংলা ভাষায় রূপের কী ধরনের বৈচিত্র্য হয় তা কারক ও কাল প্রসঙ্গে আলোচনা করো। ১০

৯। বাংলা প্রশ্নবোধক বাক্যের গঠনগুলি উদাহরণ সহযোগে আলোচনা করো। ১০

১০। ভাষা পরিকল্পনা বলতে কী বোঝায় উদাহরণ সহযোগে আলোচনা করো। ৪ + ৬

**ঝাড়গ্রাম রাজ কলেজ**

(বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় অনুমোদিত)

স্নাতকোত্তর বাংলা দ্বিতীয় ষণ্মাস মূল্যায়ন ২০২৩

পত্র: **BNG – 202**

বাংলার কাব্য-কবিতার ইতিহাস ও পাঠ

**পূর্ণমান: ৪০** **সময়: ২ ঘন্টা**

## বিভাগ – ক

**যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:** **৫ × ৪ = ২০**

১। ঈশ্বরচন্দ্র গুপ্তকে কেন যুগসন্ধির কবি বলা হয় আলোচনা করো।

২। ‘মেঘনাদবধকাব্যে’র প্রথম সর্গ অনুসরণে রাবণের রাজসভার বর্ণনা দাও।

৩। ‘শাশ্বতী’ কবিতা অনুসরণে সুধীন্দ্রনাথ দত্তের প্রেমচেতনার পরিচয় দাও।

৪। ‘সে কেন জলের মতো ঘুরে ঘুরে একা কথা কয়’—এই উক্তির আলোকে কবির ‘বোধ’-এর বিচার করো।

৫। আধুনিক বাংলা কবিতার ধারায় শক্তি চট্টোপাধ্যায়ের অবদান সংক্ষেপে লেখো।

৬। ‘ফুল ফুটুক না ফুটুক’ কবিতায় প্রত্যেকটি দিনকে বসন্ত বলার তাৎপর্য বিশ্লেষণ করো।

## বিভাগ – খ

**যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:** **১০ × ২ = ২০**

৭। ‘মেঘনাদবধকাব্যে’র নায়ক কে?—বিচার করো।

৮। সত্যেন্দ্রনাথ দত্তের কবিতার বিষয় ও আঙ্গিকের বিশিষ্টতার পরিচয় দাও।

৯। ‘হাওয়ার রাত’ কবিতায় কবি তাঁর স্যুরিয়ালিস্টিক চেতনাকে যেভাবে ব্যক্ত করেছেন, তার পরিচয় দাও।

১০। বিষ্ণু দে’র ‘ঘোড়সওয়ার’ কবিতায় কবির বহুমাত্রিক অনুভব কীভাবে ধরা পড়েছে আলোচনা করো।

**ঝাড়গ্রাম রাজ কলেজ**

(বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় অনুমোদিত)

স্নাতকোত্তর বাংলা দ্বিতীয় ষণ্মাস মূল্যায়ন ২০২৩

পত্র: **BNG – 203**

রবীন্দ্র সাহিত্য পাঠ

**পূর্ণমান: ৪০** **সময়: ২ ঘন্টা**

## বিভাগ – ক

**যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:** **৫ × ৪ = ২০**

১। "তিনি তাঁর বড়ো ভাইয়ের এমনি উলটা প্রকৃতির যে, সে কথা লিখিতে গেলে গল্প সাজানো বলিয়া লোকে সন্দেহ করিবে।"—'তিনি' কে? দুই ভাইয়ের মধ্যে যে প্রকৃতিগত প্রভেদের কথা এখানে বলা হয়েছে, সে সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

২। 'চতুরঙ্গ' উপন্যাসে নবীনের স্ত্রীর আত্মহত্যা কোন্ বিশেষ মাত্রা বহন করেছে?

৩। 'রক্তকরবী' নাটকে কিশোর চরিত্রের গুরুত্ব আলোচনা করো।

৪। 'পৌষ তোদের ডাক দিয়েছে'—নাটকে এই গানটি কীভাবে প্রাসঙ্গিক হয়ে উঠেছে আলোচনা করো।

৫। "ঠাঁই নাই ঠাঁই নাই ছোটো সে তরী
আমারই সোনার ধানে গিয়েছে ভরি।"—উদ্ধৃতাংশটির তাৎপর্য বিশ্লেষণ করো।

৬। 'একরাত্রি' গল্পের পরিণতির শিল্প-সৌন্দর্য বিশ্লেষণ করো।

## বিভাগ – খ

**যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:** **১০ × ২ = ২০**

৭। 'রক্তকরবী' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

৮। 'চতুরঙ্গ' উপন্যাসের শ্রীবিলাস চরিত্রটির গুরুত্ব বিচার করো।

৯। 'গতিবাদ বলাকা কাব্যের মূলকথা'—পাঠ্যকবিতা অবলম্বনে আলোচনা করো।

১০। 'নিশীথে' গল্পটিকে অতিপ্রাকৃত গল্প বলা যায় কিনা আলোচনা করো।

**ঝাড়গ্রাম রাজ কলেজ**

(বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় অনুমোদিত)

স্নাতকোত্তর বাংলা দ্বিতীয় ষণ্মাস মূল্যায়ন ২০২৩

পত্র: **C-BNG – 204**

বাংলা ভাষা ও সাহিত্য পাঠ (মধ্যযুগ)

**পূর্ণমান: ৪০** **সময়: ২ ঘন্টা**

## বিভাগ – ক

**যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:** **৫ × ৪ = ২০**

১। জিহ্বার অবস্থান অনুসারে বাংলা স্বরধ্বনির বর্গীকরণ করো। ৫

২। 'মাধব, বহুত মিনতি করি তোয়'—পদটিতে আরাধ্যের প্রতি কবির মিনতি কীভাবে বিবৃত হয়েছে আলোচনা করো। ৫

৩। 'খেলা দেখাইবারে চল বৈদেশেতে যাই'—কে বলেছে? খেলা দেখাবার জন্য কারা, কোথায়, কী কী নিয়ে চলল? ১ + ১ + ১ + ২

৪। 'এমন পিরীতি কভু নাহি দেখি শুনি'—এই পদে রাধার কৃষ্ণপ্রেমের যে ছবি ফুটে উঠেছে তা বর্ণনা করো। ৫

৫। 'মা আমায় ঘুরাবে কত'—এখানে প্রকাশিত জগজ্জননীর প্রতি ভক্তকবির আকূতির ছবিটি স্পষ্ট করো। ৫

৬। রবীন্দ্রনাথ 'ছেলেভুলানো ছড়া'-য় 'দোল দোল দুলুনি' ছড়াটির যে ব্যাখ্যা দিয়েছেন তা বিবৃত করো। ৫

## বিভাগ – খ

**যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:** **১০ × ২ = ২০**

৭। বাংলা ভাষার উদ্ভবের ইতিহাস সংক্ষেপে আলোচনা করো। ১০

৮। 'অভিসার' বলতে কী বোঝো? তোমাদের পাঠ্য এই পর্যায়ের পদটিতে রাধার অভিসার যাত্রার যে ছবি ফুটে উঠেছে তা আলোচনা করো। ২ + ৮

৯। 'মহুয়া' পালা অবলম্বনে মহুয়া চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

১০। বাংলা ছড়ার মধ্যে স্নেহস্বরের যে সন্ধান রবীন্দ্রনাথ পেয়েছিলেন তা 'ছেলেভুলানো ছড়া' অবলম্বনে আলোচনা করো। ১০

---